

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪০৯

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. জামা'আতে সালাত সম্পাদন ও ইমামতি - দাঁড়াতে অক্ষম ব্যক্তির পিছনে সালাত আদায় করার বিধান ও পদ্ধতি

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا فِي قِصَّةِ صَلَاةِ رَسُولِ اللَّهِ _ صلى الله عليه وسلم _ بِالنَّاسِ, وَهُوَ مَرِيضٌ _ قَالَتْ: فَجَاءَ حَتَّى جَلَسَ عَنْ يَسَارِ أَبِي بَكْرٍ, فَكَانَ يُصلِّي بِالنَّاسِ جَالِسًا وَأَبُو بَكْرٍ قَائِمًا, يَقْتَدِي أَبُو بَكْرٍ بِصَلَاةِ النَّبِيِّ _ صلى الله عليه وسلم _ وَيَقْتَدِي النَّاسُ بِصَلَاةِ أَبِي بَكْرٍ. مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. رواه البخاري (713)، ومسلم (418)

বাংলা

৪০৯. 'আয়িশা (রাঃ) হতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর রোগাক্রান্ত অবস্থায় লোকেদের ইমামতি করার ঘটনা সম্বন্ধে বর্ণিত। তিনি বলেন: তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এসে আবূ বকরের বাম দিকে বসে গেলেন, বসে বসেই লোকেদের সালাত আদায় করাতে লাগলেন আর আবূ বকর দাঁড়িয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ইকতিদা (অনুসরণ) করতে লাগলেন আর লোকেরা আবূ বকরের ইকতিদা (অনুসরণ) করতে লাগল।[1]

ফুটনোট

[1] বুখারী ৭১৩, মুসলিম ৪১৮, তিরমিয়ী ৩৬৭২, ইবনু মাজাহ ১২৩২, ১২৩৩, আহমাদ ৫১১৯, ২৩৫৮৩, মুওয়াত্তা মালেক ৪১৪, দারেমী ১২৫৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 70220$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন